গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
১ জহির রায়হান রোড, (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫
www.banbeis.gov.bd

স্মারক নং: ৩৭.২০.০০০০.০০১.৩৯.৪৭২.২৪/৮৬২ (ক)

তারিখ: ১৬ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
২৯ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

# অফিস আদেশ

শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাধীন বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) প্রধান কার্যালয়ে ১২০ আসন বিশিষ্ট ১টি সম্মেলন কক্ষ, ৪০ আসন বিশিষ্ট ২টি সভাকক্ষ, ৫টি অত্যাধুনিক তথ্য প্রযুক্তি সমৃদ্ধ আইসিটি ল্যাব ও ১টি ডিজিটাল মাল্টিমিডিয়া সেন্টার (DMC) বিদ্যমান আছে। এছাড়াও সারাদেশে ১২৫টি উপজেলায় স্থাপিত ইউআইটিআরসিইসমূহে ১টি কম্পিউটার ল্যাব, ১টি সভাকক্ষ ও ১টি গেস্ট রুম রয়েছে। সরকারি/বেসরকারি দপ্তর/সংস্থা, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কাছে প্রশিক্ষণ, ওয়ার্কশপ, সেমিনার, সভা ইত্যাদি গ্রহণযোগ্য কার্যক্রমের জন্য শর্তসাপেক্ষে নির্ধারিত হারে ভাড়া দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

**ভাড়ার হার:**

| অধিদপ্তর/পরিদপ্তর | স্থাপনা | বর্তমান রেইট | ভাড়া আদায়ের প্রযোজ্য কোড |
|---|---|---|---|
| ব্যানবেইস | কনফারেন্স হল | পূর্ণদিবস- ১০,০০০.০০ (দশ হাজার)<br>অর্ধদিবস- ৫,০০০.০০ (পাঁচ হাজার) | ১৪২১৩০১<br>ভাড়া অনাবাসিক |
| | সভাকক্ষ ৩য় অথবা ৪র্থ তলা | পূর্ণদিবস- ৮,০০০.০০ (আট হাজার)<br>অর্ধদিবস- ৪০০০.০০ (চার হাজার) | |
| | ৩য় তলা ডিএমসি (সার্ভিস চার্জ) | পূর্ণদিবস- ৪,০০০.০০ (চার হাজার)<br>অর্ধদিবস- ২,০০০.০০ (দুই হাজার) | ১৪২২৪০৫<br>সার্ভিস চার্জ |
| | ৫ম তলা ল্যাব (প্রতিটি) (সার্ভিস চার্জ) | পূর্ণদিবস- ৪,০০০.০০ (চার হাজার)<br>অর্ধদিবস- ২০০০.০০ (দুই হাজার) | |
| | কার | প্রতি কি.মি. ০.৬০ | ১৪২৩২০৪<br>সরকারি যানবাহন ব্যবহার |
| | মাইক্রোবাস | প্রতি কি.মি. ০.৪০ | |
| ইউআইটিআরসিই | গেস্টরুম ভাড়া- অতিথি<br>ব্যানবেইস-এর কর্মকর্তা/কর্মচারী | প্রতি বেড (দৈনিক)- ২০০.০০ (দুই শত)<br>প্রতি বেড (দৈনিক)- ১০০.০০ (এক শত) | ১৪২১৩০১<br>ভাড়া অনাবাসিক |
| | সভাকক্ষ | পূর্ণদিবস- ৮০০.০০ (আট শত)<br>অর্ধদিবস- ৪০০.০০ (চার শত) | |
| | কম্পিউটার ল্যাব (সার্ভিস চার্জ) | পূর্ণদিবস- ২,০০০.০০ (দুই হাজার)<br>অর্ধদিবস- ১০০০.০০ (এক হাজার) | ১৪২২৪০৫<br>সার্ভিস চার্জ |

**নিম্নোক্ত শর্তাবলি অনুসরণপূর্বক সম্মেলন কক্ষ ও ল্যাবসমূহ ভাড়া প্রদানের ক্ষেত্রে বিবেচনা করা হবে:**

(১) **বুকিং প্রক্রিয়া** : আগ্রহী প্রতিষ্ঠানকে নির্ধারিত ফরমে আবেদন করে অনুমোদন গ্রহণ করতে হবে এবং নির্ধারিত ফি চালানের মাধ্যমে প্রযোজ্য কোডে সরকারি কোষাগারে জমা প্রদান পূর্বক মূলকপি দাখিল করতে হবে।

(২) **ক্ষতিপূরণ** : যে কোনো ক্ষয়ক্ষতি বা অপ্রত্যাশিত পরিস্থিতির জন্য ব্যবহারকারী সংস্থা দায়বদ্ধ থাকবে এবং ক্ষতিপূরণ প্রদান করবে।

(৩) **বাতিলের অধিকার:** কর্তৃপক্ষ প্রয়োজনবোধে যেকোনো সময় বুকিং বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

০২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকবে।

২৯/৪/২০২৫

**(মোঃ মজিবুর রহমান)**
মহাপরিচালক
☏০২-৪১০৬০৭০৭
ই-মেইল: dg@banbeis.gov.bd

স্মারক নং: ৩৭.২০.০০০০.০০১.৩৯.৪৭২.২৪/৮৬২ (৯)/১/১১ তারিখ: ১৬ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ / ২৯ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

(১) সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
(২) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
(৩) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/কারিগরি শিক্ষা অধিদপ্তর/ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
(৪) পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ঢাকা।
(৫) পরিচালক (পরিসংখ্যান), পরিসংখ্যান বিভাগ, ব্যানবেইস, ঢাকা।
(৬) উপজেলা নির্বাহী অফিসার,..........................উপজেলা..........................জেলা।
(৭) চিফ, পরিসংখ্যান বিভাগ/চিফ, ডিএলপি বিভাগ/ সিনিয়র সিস্টেম এনালিস্ট (চ.দা.), আইসিটি বিভাগ, ব্যানবেইস, ঢাকা।
(৮) জেলা শিক্ষা অফিসার, জেলা:............................।
(৯) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা:........................., জেলা:.........................।
(১০) সহকারী প্রোগ্রামার, সকল ইউআইটিআরসিই।
(১১) সংশ্লিষ্ট নথি।

২৯/০৪/২৫

**(কামরুন্নাহার রীমা)**
সহকারী পরিচালক (প্রশাসন-১)
☏০২-৪১০৬০৭৩১
ই-মেইল: ad1_admin@banbeis.gov.bd